**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার, বাঁচাও** উৎসব **এবং নবরাত্রির জন্য দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন |**

**(২) মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরের নবনির্মিত পরিকাঠামোর উদ্বোধন করতে আগামীকাল রাজ্য সফরে আসছেন প্রধানমন্ত্রী |**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, যুব সমাজ শক্তি, মেধা ও সৃজনশীলতার পথে এগিয়ে গেলে সুস্থ সমাজ গড়ে উঠবে।**

*************************************************

**PM Speech:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সন্ধ্যায় জাতির উদ্দেশ্যে ভাষণে বলেছেন, নবরাত্রির প্রথম দিন অর্থাৎ আগামীকাল থেকে পরবর্তী প্রজন্মের GST সংস্কার কার্যকর হবে। শ্রী মোদি বলেন, আগামীকাল থেকে জিএসটি বাঁচাও উৎসব শুরু হবে এবং লোকেরা কম দামে তাদের পছন্দের জিনিস কিনতে পারবে।

########## PM Byte-1 ##########

প্রধানমন্ত্রী আরও বলেন, এই সংস্কারের মাধ্যমে দেশের প্রবৃদ্ধি সমৃদ্ধ এবং যুব, নব্য মধ্যবিত্ত, কৃষক, নারী এবং উদ্যোক্তারা এই বাঁচাও উৎসব থেকে ব্যাপকভাবে উপকৃত হবেন। তিনি জানান, প্রতিটি রাজ্য দেশের উন্নয়নের যাত্রায় সমান অংশীদার হবে। তিনি পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার, বাঁচাও

উৎসব এবং নবরাত্রির জন্য দেশবাসীকে শুভেচ্ছা জানান। প্রধানমন্ত্রী বলেন, তার সরকার কর ব্যবস্থা সহজ করেছে। তিনি বলেন, অত্যাবশ্যকীয় পণ্য, ওষুধ, স্বাস্থ্য বীমাসহ অসংখ্য পণ্য ৫ শতাংশ করের আওতায় এসেছে। গত ১২ বছরে ২৫ কোটি মানুষ দারিদ্র্য সীমারেখার উপরে উঠে এসেছে বলে প্রধানমন্ত্রী খুশী প্রকাশ করেন। প্রধানমন্ত্রী বলেন, দেশকে আত্মনির্ভর হিসেবে রূপান্তর করাই মূল লক্ষ্য হওয়া উচিত। তিনি দেশবাসীর প্রতি ভারতে তৈরি পণ্য ও সামগ্রী বেশী করে ক্রয় ও প্রচারের আহ্বান জানান।

########## PM Byte-2 ##########

*******************************

**Mahalaya:**

আজ মহালয়া। পিতৃপক্ষের শেষ দেবীপক্ষের সূচনা। ধর্মীয় রীতি মেনে মহালয়ার প্রভাতে আজ বিভিন্ন মন্দিরে পূজার্চনার পাশাপাশি নদী এবং জলাশয়ে বহু মানুষ পূর্বপুরুষের উদ্দেশ্যে তর্পণ করেন। বেতারের ইথার তরঙ্গে ভেসে আসা মহিষাসুরমর্দিনী অনুষ্ঠান শুরু হতেই আবাল বৃদ্ধ বনিতা বেরিয়ে পড়েন। বিভিন্ন রাস্তায় জনতার ভিড় পরিলক্ষিত হয়| এদিকে, বিভিন্ন সামাজিক সংস্থা ও ধর্মীয় প্রতিষ্ঠানের উদ্যোগে এই উপলক্ষে নানা কর্মসূচির আয়োজন করা হয়।

*******************************

**PM visit:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আগামীকাল স্বাগত জানাতে ত্রিপুরা সম্পূর্ণ প্রস্তুত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল বিকেলে প্রসাদ প্রকল্পে মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরের নবনির্মিত পরিকাঠামো ও সৌন্দর্যায়নের উদ্বোধন করবেন।

নতুন পরিকাঠামো নির্মাণে ব্যয় হয়েছে ৪৯ কোটি টাকা। প্রধানমন্ত্রী শ্রী মোদি ত্রিপুরেশ্বরী মায়ের পূজোও দেবেন। রাজ্য পুলিশের IGP ইপার মঞ্চক জানিয়েছেন, মন্দির চত্বর সহ পুরো উদয়পুর শহরে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। OTPC পালাটানা থেকে মন্দির পর্যন্ত ১২ কিলোমিটারের রোডশোরও পরিকল্পনা করা হয়েছে, সেখানে কঠোর নিরাপত্তা বলয়ের সৃষ্টি করা হয়েছে। নিরাপত্তা সুনিশ্চিত করতে ত্রিপুরা পুলিশের পাশাপাশি সিআরপিএফ ও বিএসএফ জওয়ানদের মোতায়েন করা হয়েছে। শেষ মুহূর্তের প্রস্তুতি পুরোদমে চলছে এবং ইতিমধ্যেই রাজ্যজুড়ে নিরাপত্তা জোরদার করা হয়েছে। আগামীকাল বিকেলে অরুণাচল প্রদেশ থেকে তাঁর আগরতলায় পৌঁছানোর কথা রয়েছে এবং সেখান থেকে উদ্বোধনী অনুষ্ঠানের জন্য সরাসরি রাজ্যের রাজধানী থেকে প্রায় ৬৫ কিলোমিটার দক্ষিণে উদয়পুরে যাবেন।

*******************************

**Minister Pranajit Shingh Roy:**

উদয়পুর পুর পরিষদ এলাকায় প্রধানমন্ত্রী আবাস যোজনা (শহুরী) প্রকল্পের নবনির্মিত ৬0টি পাকা ঘরের আজ উদ্ঘাটন হয়| অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ|

এদিকে, জামজুড়ি বৈষ্ণবী চর নন্দী পাড়ার উদিয় মান সংঘ আয়োজিত রক্তদান শিবিরের উদ্ভোধন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। শিবিরে ৬0 জন রক্তদান করে।

*******************************

**Nomo Yuba Run:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, যুব সমাজ যদি নেশার কবল থেকে মুক্ত হয়ে শক্তি, মেধা ও সৃজনশীলতার পথে এগিয়ে যায়, তবেই সুস্থ সমাজ গড়ে উঠবে। আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে আগরতলার উজ্জ্বয়ন্ত প্রাসাদ-এর সামনে থেকে নমো যুব রান শীর্ষক দৌড় এর সূচনা করে একথা বলেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন ভারতীয় জনতা যুব মোর্চার এই উদ্যোগ শুধু একটি দৌড় প্রতিযোগিতা নয়, বরং নেশামুক্ত ভারত, নেশামুক্ত ত্রিপুরা গড়ার এক অঙ্গীকারের সূচনা। ত্রিপুরা প্রদেশ যুব মোর্চার উদ্যোগে উজ্জয়ন্ত প্রসাদের সামনে থেকে দৌড় শুরু হয়ে রাজধানীর বিভিন্ন পথ পরিক্রমা করে সার্কিট হাউজের সামনে গিয়ে শেষ হয়। দৌড়ের উদ্বোধনীতে মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক তথা প্রদেশ যুব মোর্চার সভাপতি সুশান্ত দেব, বিধায়ক ভগবান দাস প্রমুখ।

*******************************

**GST reforms -agri related automobile sector:**

কর কাঠামো সরলীকরণ এবং নাগরিকদের উপর আর্থিক বোঝা কমানোর লক্ষ্যে এক যুগান্তকারী পদক্ষেপ হিসেবে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এ বছর স্বাধীনতা দিবসের ভাষণে পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কারের ঘোষণা করেছেন। নতুন করের হার আগামীকাল থেকে কার্যকর হচ্ছে।আজ, আমরা কৃষি সহায়ক অটোমোবাইল সামগ্রীর ওপর এই সংস্কারগুলির সম্ভাব্য প্রভাবের দিকে নজর দেব।

##########V/O##########

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*******************************

**SEVA PARV-Book release:**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী এল. মুরুগন বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্ব দেশের ২৫ কোটি মানুষকে দারিদ্র্য সীমার বাইরে নিয়ে আসতে পেরেছে| নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে সেবা পর্ব উদযাপনের আওতায় 'মোদিনোমিক্স: এক অন্তর্ভূক্তিমূলক বিকাশ অভিযাত্রা' শীর্ষক বইয়ের আবরণ উন্মোচন অনুষ্ঠানে তিনি একথা বলেন| গতকাল প্রকাশিত বইটিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির গুজরাটের মুখ্যমন্ত্রী থেকে দেশের প্রধানমন্ত্রী হিসেবে জনসেবার পথে রূপান্তরিত বিকাশ অভিযাত্রার খতিয়ান তুলে ধরা হয়েছে| এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী জনধন যোজনা, প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনার মত জনকল্যানকর কর্মসূচি রূপায়নের কথা তুলে ধরেন শ্রী মুরুগন| প্রধানমন্ত্রীর নির্ণায়ক নেতৃত্বই ভারতকে বিশ্বের চতুর্থ বৃহত্তম অর্থনীতির দেশ করে তুলেছে বলেও উল্লেখ করেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী | এই

অনুষ্ঠানে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব সঞ্জয় জাজুও উপস্থিত ছিলেন|

******************************

**Minister Tinku Roy:**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের চন্ডীপুর ব্লক কার্যালয় সংলগ্ন স্থানে নবনির্মিত "প্ল্যাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট" এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধকের ভাষনে তিনি বলেন, আগামী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তুলতে এবং স্বচ্ছতার স্বপক্ষে ইউনিট'টি কাজ করবে।

কেন্দ্রীয় সরকারের স্বচ্ছ ভারত মিশন এর অর্থানুকুল্যে ১৬ লক্ষ টাকা ব্যয়ে এটি গড়ে উঠেছে।

******************************

**Tripura Journalist Union:**

সাংবাদিকরা যাতে নিরাপদে সংবাদ সংগ্রহ করতে পারে এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য রাজ্য প্রশাসনের কাছে দাবি জানিয়েছে ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন| আজ সদরের হেজামারায় সাংবাদিক কমলকান্তি ত্রিপুরা আক্রান্ত হয়েছেন বলে জানিয়েছে ইউনিয়ন। ইউনিয়নের সভাপতি প্রণব সরকারের নেতৃত্বে এক প্রতিনিধি দল জিবি হাসপাতালে গিয়ে তার চিকিৎসার ব্যাপারে খোঁজখবর নেন। এই বিষয়ে মুখ্যমন্ত্রীকেও অবহিত করা হয়েছে বলে ইউনিয়নের এক বিবৃতিতে জানানো হয়েছে|

******************************

**Half Marathon:**

এগিয়ে চল সংঘের উদ্যোগে এবং ত্রিপুরা অ্যাথলেটিক্স এসোসিয়েশনের সহযোগিতায় আজ সকালে উন্মুক্ত আমন্ত্রনমূলক হাফ ম্যারাথন উৎসাহ উদ্দীপনায় অনুষ্ঠিত হয়। পুরুষ এবং মহিলা বিভাগে আয়োজিত এই হাফ ম্যারাথনের সূচনা করেন পুর কর্পোরেট জাহ্নবী দাস। হাফ ম্যারাথানে ছেলেদের ২১ কিলোমিটার দৌড়ে প্রথম ও দ্বিতীয় স্থান দখল করেন উত্তরপ্রদেশের কমল কুমার ও রোহিত কুমার, তৃতীয় স্থানে ছিলেন রাজ্যের আকাশ বর্মন। মেয়েদের ১০ কিলোমিটার দৌড়ে প্রথম স্থান দখল করেন উত্তর প্রদেশের অন্নু পাল, দ্বিতীয় রাজ্যের লক্ষীরানী ত্রিপুরা এবং তৃতীয় দেবলীনা লোধ। প্রতিযোগিতার শেষে বিজয়ীদের হাতে ট্রফি সহ আর্থিক পুরস্কার তুলে দেওয়া হয়।

*******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮-শে সেপ্টেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৬তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*******************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম, সিপাহীজলা, ধলাই এবং দক্ষিণ জেলাতে ভারী বৃষ্টিপাতের সতকর্তা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৪ ডিগ্রি সেলসিয়াস।

*******************************

**RSS:**

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ গোমতী জেলাকমিটির উদ্যোগে  সংঘের শততম বর্ষপূর্তি উপলক্ষ্যে আজ মহালয়ার পথ সঞ্চলন অনুষ্ঠিত হয় উদয়পুরে। এর সূচনা করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। পথ সঞ্চলন উদয়পুর শহরে বিভিন্ন পথ পরিক্রমা করে|

এদিকে, আগরতলায় প্রতি বছরের মত এ বছরও আরএসএসের উদ্যোগে সুসজ্জিত রেলি বের হয়। এই রেলিতে পরিবেশ সুরক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। উপস্থিত ছিলেন আরএসএস পশ্চিম জেলা কার্যকর্তা রঞ্জিত চক্রবর্তী সহ অন্যান্যরা।

*******************************

*******************************